পরিবেশ রক্ষায় প্রত্যেকের উচিত অন্তত ১০টি করে গাছ রোপণ করা

চুয়াডাঙ্গার জীবননগরে বাংলাদেশ জামায়াতে ইসলামী উদ্যোগে এক হাজার বিভিন্ন প্রজাতির ফলদ গাছের চারা বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেল ৪টায় জীবননগর উপজেলায় আয়োজিত এ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর রুহুল আমীন।

প্রধান অতিথির বক্তব্যে রুহুল আমীন বলেন, “চুয়াডাঙ্গা জেলা জামায়াতে ইসলামীর পক্ষ থেকে ৫০ হাজার গাছের চারা বিতরণের একটি মহাপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তারই অংশ হিসেবে আজ জীবননগর উপজেলা ও পৌর জামায়াতের মাধ্যমে ১ হাজার চারা বিতরণ করা হলো।”

তিনি আরও বলেন, “জামায়াতে ইসলামী শুধুমাত্র রাজনৈতিক কর্মসূচি নিয়ে মাঠে থাকে না, বরং মানুষের কল্যাণকেই অগ্রাধিকার দিয়ে কর্মসূচি গ্রহণ করে। বর্তমানে পরিবেশের ভারসাম্য মারাত্মকভাবে বিঘ্নিত হয়েছে। আষাঢ়ে বৃষ্টি নেই, শীতকালে শীত নেই, গ্রীষ্মকালে তীব্র তাপদাহ। এই অবস্থায় বাসযোগ্য পরিবেশ গড়ে তুলতে বেশি বেশি গাছ লাগানো অপরিহার্য।”

রুহুল আমীন বলেন, “আমরা গাছ কাটব, এতে সমস্যা নেই; তবে একটি গাছ কাটলে কমপক্ষে ১০টি গাছ লাগানো আমাদের দায়িত্ব। নিজেদের আঙিনা, জমি কিংবা বাসস্থানেই গাছ লাগিয়ে আমরা আগামী প্রজন্মের জন্য বাসযোগ্য একটি জেলা গড়ে তুলতে পারি। জামায়াতে ইসলামী সেই দায়িত্ববোধ থেকেই আজকের এই কর্মসূচি হাতে নিয়েছে।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা তালিমুল কুরআন শিক্ষা বিভাগের সম্পাদক মাওলানা মহিউদ্দীন, জেলা প্রশিক্ষণ সম্পাদক জিয়াউল হক, জেলা উলামা বিভাগের সভাপতি মাওলানা ইসরাইল হোসেন, জেলা মাজলিসুল মুফাসসিরিন পরিষদের সভাপতি মাওলানা হাফিজুর রহমান, জেলা পেশাজীবী পরিষদের সভাপতি সহকারী অধ্যাপক খলিলুর রহমান, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মাহফুজুর রহমান, জীবননগর উপজেলা আমীর মাওলানা সাজেদুর রহমান, নায়েবে আমীর হাফেজ বিল্লাল হোসেন, উপজেলা সেক্রেটারি সাখাওয়াত হোসেন, সহকারী সেক্রেটারি মাওলানা আবু বকর, উপজেলা যুব বিভাগের সভাপতি